

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন  
কাজিপুর, সিরাজগঞ্জ।  
uitrce.kazipur.sirajganj.gov.bd

স্মারক নং-৩৭.২০.৮৮৫০.০০০.৯৯.০০৮.২১.৪০

তারিখঃ ১৯ ভাদ্র, ১৪৩০  
০৩ সেপ্টেম্বর, ২০২০

**বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/৯৩, তারিখঃ ১৩ আগস্ট ২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিককোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম নিম্নোক্ত অঞ্চল ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে।

শিক্ষা অঞ্চল	তথ্য সংগ্রহের মেয়াদ
ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	০৩-০৯ সেপ্টেম্বর ২০২০
খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	১০-১৬ সেপ্টেম্বর ২০২০
গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা	১৭-২৩ সেপ্টেম্বর ২০২০

২। যে সকল প্রতিষ্ঠানে Online সুবিধা নেই সেইসব প্রতিষ্ঠানসমূহকে বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবনে অবস্থিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) সেন্টার থেকে তথ্য প্রেরণে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

(ফরহাদ মোঃ শাহরিয়ার)  
সহকারী প্রোগ্রামার (অঃ দাঃ)  
ইউআইটিআরসিই, ব্যানবেইস  
কাজিপুর, সিরাজগঞ্জ

রেজিস্ট্রার/অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার ....., কাজিপুর, সিরাজগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- (১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
- (২) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
- (৩) উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।
- (৪) জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
- (৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।
- (৬) সংশ্লিষ্ট নথি।